সংবাদ

তারিখ ..25 MAY 2016......
পৃষ্ঠা ...2... কলাম ...4......

রূপগঞ্জে

# স্কুল শিক্ষিকাকে শ্বাসরোধে হত্যা

## স্বামী আটক

প্রতিনিধি, নারায়ণগঞ্জ

নারায়ণগঞ্জের রূপগঞ্জে খাদিজা আক্তার (২২) নামের এক স্কুল শিক্ষিকাকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠেছে। মঙ্গলবার ভোরে উপজেলার রূপসী কাহিনা এলাকা থেকে ওই শিক্ষিকার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে পুলিশ। এই ঘটনায় স্বামী মতিউর রহমানকে আটক করেছে পুলিশ। সে স্থানীয় লিটল ফ্লাওয়ার কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষিকা। এবং ওই এলাকার নুরুল ইসলামের মেয়ে।

এলাকাবাসীর বরাত দিয়ে রূপগঞ্জ থানার ওসি ইসমাইল হোসেন জানান, গত তিন বছর আগে উপজেলার রূপসী স্লুইস গেইট এলাকার নুরুল ইসলামের মেয়ে খাদিজা বেগমের (২২) সঙ্গে শেরপুর সদর উপজেলার লেগুয়া গ্রামের মোতালেব মিয়ার ছেলে মতিউর রহমানের প্রেমের বিয়ে হয়। খাদিজা স্থানীয় লিটল ফ্লাওয়ার কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষিকা। তার স্বামী মতিউর রহমান মাদকাসক্ত ছিল। প্রায়ই সে টাকার জন্য তাকে মারধর করতো।